অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 02-11-20 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ঠাণ্ডা শীতের মাসগুলোতে নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে হোম হিটিং এইড-এর জন্য গভর্নর কুওমো 328 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেন

হোম এনার্জি সহায়তা কর্মসূচির জন্য আজ আবেদন করার সুযোগ খোলা রয়েছে

1.6 মিলিয়ন এরও বেশি নিউ ইয়র্কের বাড়ির মালিক ও ভাড়াটে 2019-20 সালে হিটিং এইড পেয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 328 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি হোম হিটিং এইড এখন নিম্ন ও মধ্য আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য আগামী শীতকালীন মৌসুমে যাদের বাড়ি গরম রাখার জন্য সাহায্যের প্রয়োজন তাদের জন্য উপলভ্য। হোম এনার্জি সহায়তা কর্মসূচির (Home Energy Assistance Program) জন্য আবেদন গ্রহণ করা হচ্ছে, যা শীতল আবহাওয়ার মাসে বাড়ির মালিক ও ভাড়াটেদের তাদের গরমের ব্যয় নিয়ে সহায়তা করার জন্য ফেডারেল তহবিল সরবরাহ করে।

"ঠাণ্ডা আবহাওয়া অনেক নিউ ইয়র্কবাসীদের জন্য আরেকটি চ্যালেঞ্জ নিয়ে এসেছে যারা ইতোমধ্যে এই অভূতপূর্ব মহামারির সমাপ্তি ঘটাতে সংগ্রাম করছে," **গভর্নর কুওমো বলেন।** "এই গুরুত্বপূর্ণ তহবিল হাজার হাজার মানুষকে তাদের বাড়ি ও অ্যাপার্টমেন্ট গরম করার খরচ সামলাতে সাহায্য করবে যেহেতু শরৎ শীতল তাপমাত্রা নিয়ে এসেছে এবং শীতকাল সামনে এগিয়ে আসছে।"

যোগ্য বাড়ির মালিক ও ভাড়াটেগণ আয়, পরিবারের আকার ও কিভাবে তাদের বাড়ি গরম করে তার উপর নির্ভর করে টেম্পোরারি এন্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Temporary and Disability Assistance) দপ্তর কর্তৃক তত্ত্বাবধান করা হোম এনার্জি সহায়তা কর্মসূচির (Home Energy Assistance Program, HEAP) থেকে 741 মার্কিন ডলার পর্যন্ত সাহায্য পেতে পারেন। চারজনের একটি পরিবার যাদের সর্বোচ্চ মাসিক আয় 5,019 মার্কিন ডলার অথবা মোট বার্ষিক আয় 60,226 মার্কিন ডলার এবং এখনো বেনিফিটের জন্য যোগ্যতা অর্জন করতে পারে, যা গত বছরের সীমা থেকে সামান্য বৃদ্ধি পেয়েছে।

সহায়তার জন্য আবেদন ব্যক্তিগতভাবে বা টেলিফোনের মাধ্যমে স্থানীয় সমাজসেবা বিভাগে গৃহীত হচ্ছে আগে আসলে আগে পাবেন এই ভিত্তিতে তহবিল প্রদান করা হবে। কাউন্টির ভিত্তিতে

স্থানীয় অফিসের এখানে একটি তালিকা পাওয়া যাবে। নিউ ইয়র্ক সিটির বাইরের বাসিন্দারা নিয়মিত গরম সহায়তা সুবিধার জন্য অনলাইনে আবেদন করতে পারেন। নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা এখানে একটি আবেদন ডাউনলোড করতে পারেন এবং প্রোগ্রামের তথ্য পেতে পারেন।

এ বছরের শুরুতে গভর্নর কুওমো একটি স্থগিতাদেশ জারি করে একটি আইনে স্বাক্ষর করেন যা ইউটিলিটি কোম্পানিগুলোকে আবাসিক পরিবারের সাথে ইউটিলিটি সংযোগ বিচ্ছিন্ন করতে বাধা দেয় যারা COVID-19 মহামারির কারণে তাদের বিলের সাথে সংগ্রাম করছে। এর পরিবর্তে ইউটিলিটি কোম্পানিগুলিকে অবশ্যই এই ব্যক্তিদের যেকোনো অতীত-বকেয়া ব্যালেন্সের উপর একটি স্থগিত পেমেন্ট চুক্তি প্রস্তাব করতে হবে।

নিউ ইয়র্কবাসী যারা এই মৌসুমে হোম এনার্জি সহায়তা কর্মসূচির (HEAP) সাহায্য পান এবং তাদের ইউটিলিটি বিল থেকে পিছিয়ে যেতে থাকেন অথবা গরম জ্বালানিতে কম চলছে, তারাও এককালীন জরুরি হোম এনার্জি সহায়তা কর্মসূচির বেনিফিট পাওয়ার যোগ্যতা অর্জন করতে পারেন। আগামী 4 জানুয়ারি, বৃহস্পতিবার থেকে জরুরি সুবিধার জন্য আবেদন গ্রহণ শুরু হবে।

জরুরি সহায়তার প্রয়োজন আছে এমন যে কেউ তাদের স্থানীয় সমাজসেবা বিভাগের সাথে যোগাযোগ করবেন। এই যুক্তরাষ্ট্রীয় অর্থায়নে প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জন করতে, আবেদনকারীদের অবশ্যই হোম এনার্জি সহায়তা কর্মসূচির যোগ্যতার মানদণ্ড এবং আয় নির্দেশিকা পূরণ করতে হবে,যা পরিবারের আকার অনুসারে পরিবর্তিত হয়।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (New York State Office of Temporary and Disability Assistance) কমিশনার মাইক হেইন বলেন, "অনেক নিউ ইয়র্কবাসীর জন্য, বাড়ি গরম করার উচ্চ খরচ ইতোমধ্যে টানা গৃহস্থালী বাজেটের উপর আরেকটি বোঝা হতে পারে। হোম এনার্জি সহায়তা কর্মসূচিরবাড়ির মালিক ও ভাড়াটেদের জন্য এই বোঝা কিছুটা কমাতে সাহায্য করে যাতে তারা তাদের গরম বিলে বর্তমান থাকতে পারে। সকল যোগ্য পরিবারের এই গুরুত্বপূর্ণ সহায়তা ব্যবহার করা উচিত যা তাদের এই শীতে উষ্ণ থাকতে সাহায্য করতে পারে।"

গত বছর সারা স্টেটজুড়ে 1.6 মিলিয়নেরও বেশি বাড়ির মালিক ও ভাড়াটে হোম এনার্জি সহায়তা কর্মসূচির মাধ্যমে হিটিং এইড পেয়েছেন। এদের মধ্যে 530,000 এর ও বেশি পরিবার ছিল যাদের বয়স 60 বছর বা তার বেশি বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য প্রায় 98 মিলিয়ন মার্কিন ডলার গরম সহায়তা।

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং এর ভারপ্রাপ্ত পরিচালক গ্রেগ ওলসেন বলেন, "ঠাণ্ডা আবহাওয়া সবার জন্য একটি চ্যালেঞ্জ হতে পারে, কিন্তু বৃদ্ধ প্রাপ্তবয়স্কদের জন্য বিশেষ বিপজ্জনক হতে পারে যাদের জ্বালানী ফুরিয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে বা ইউটিলিটি পরিষেবা বন্ধ আছে। বয়স্ক প্রাপ্তবয়স্করাও COVID-19 এর জন্য বেশি ঝুঁকিতে থাকেন। নিম্ন আয়ের নিউ

ইয়র্কবাসীর কাছে তাদের স্বাস্থ্য ও স্বাধীনতা বজায় রাখার ক্ষেত্রে সহায়তার জন্য হোম এনার্জি সহায়তা কর্মসূচি একটি দারুণ উপাদান এবং গুরুত্বপূর্ণ এই সুবিধা ছাড়া অনেকেই বাড়িতে থাকতে পারবে না।"

আমেরিকান অ্যাসসিয়েশন অব রিটায়ের্ড পার্সনস (American Association of Retired Person, AARP) নিউ ইয়র্কের স্টেট ডিরেক্টর বেথ ফিনকেল বলেন, "আমেরিকান অ্যাসসিয়েশন অব রিটায়ের্ড পার্সনস নিউ ইয়র্ক যেকোনো ইউটিলিটি গ্রাহকদের জোরালোভাবে উৎসাহিত করে যারা মনে করে যে তারা তাদের স্থানীয় হোম এনার্জি সহায়তা কর্মসূচি সাথে যোগাযোগ করার জন্য তাদের ইউটিলিটি বিল পরিশোধ করতে সাহায্য করতে পারে। জনগণের সাইন আপ করার জন্য অপেক্ষা করা উচিত নয়; নভেম্বরের শুরুতে প্রোগ্রামটি চালু হলে আবেদন করুন। এই প্রোগ্রামের পুরো উদ্দেশ্য হচ্ছে এই শীতে আপনার গৃহস্থালী শক্তির খরচ বহন করতে সাহায্য করা। এর সুযোগ গ্রহণ করুন।"

সহায়তা এখন যোগ্য গৃহমালিকদের সহায়তা করতে উপলভ্য যদি তাদের প্রাথমিক তাপীকরণ সরঞ্জাম অনিরাপদ হয় বা না চলে। গৃহমালিকরা তাদের চুল্লি বা বয়লার মেরামত বা প্রতিস্থাপন করার জন্য আবেদন করতে পারবে হোম এনার্জি অ্যাসিসটেন্স প্রোগ্রাম হিটিং ইকুইপমেন্ট রিপেয়ার এন্ড রিপ্লেসমেন্ট প্রোগ্রামের মাধ্যমে।

সুবিধার পরিমাণ অপরিহার্য হিটিং সরঞ্জাম মেরামত বা প্রতিস্থাপন করার প্রকৃত খরচের ভিত্তিতে দেয়া হয় - মেরামতের জন্য 3,000 মার্কিন ডলার এবং প্রতিস্থাপনের জন্য 6,500 মার্কিন ডলার পর্যন্ত। যোগ্য গৃহমালিকরা এখন একটি হোম এনার্জি সহায়তা কর্মসূচি হিটিং সরঞ্জাম পরিষ্কার এবং টিউন সুবিধার জন্য আবেদন করতে পারবেন তাদের বাড়ির প্রাথমিক তাপীকরণ উৎস সর্বোচ্চ দক্ষতায় রাখার জন্য। এই সুবিধার আবেদনকারীদের আরও তথ্যের জন্য তাদের স্থানীয় সমাজসেবা বিভাগের সাথে যোগাযোগ করতে হবে।

গত বছর, এই স্টেটের প্রতিটি অংশে নিউ ইয়র্কবাসীদের গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করেছে হোম এনার্জি সহায়তা কর্মসূচি:

অঞ্চল: 2019-20 সালে হোম এনার্জি সহায়তা কর্মসূচি দ্বারা পরিবেশিত মোট পরিবার

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক: 1,28,340

ফিঙ্গার লেকস: 91,736

সাউদার্ন টায়ার: 51,008

সেন্ট্রাল নিউ ইয়র্ক: 58,625

মোহক ভ্যালি: 44,961

নর্থ কান্ট্রি: 35,369

ক্যাপিটাল রিজিয়ন: 65,879

মিড-হাডসন: 97,350

নিউ ইয়র্ক সিটি 9,65,335

লং আইল্যান্ড: 69,634

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন